

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
সমবায় শাখা ডেস্ক-১
www.brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫০৭.১১.৪১৭.১৯.৫৩

তারিখ: ২০ ভাদ্র ১৪২৬

০৪ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: টঞ্জীবাড়ী ইউসিসিএ লি. এর জনবল নিয়োগ সংক্রান্ত।

সূত্র: উপপরিচালক, মুন্সীগঞ্জ এর পত্র নং-৭৯৫, তারিখঃ ০৪/০৮/২০১৯খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে টঞ্জীবাড়ী ইউসিসিএ লি. এর ২০১৮-১৯ অর্থবছরে আবর্তক ও ব্যাংক ঋণসহ মোট ঋণ বিতরণের পরিমাণ ৮২.৬৩ লক্ষ টাকা এবং আদায় ৬৪.৩৭ লক্ষ টাকা। মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ ৬০.১৬ লক্ষ টাকা। বছরে কর্মচারীদের বেতন-ভাতা খাতে ব্যয় ২০.০৭ লক্ষ টাকা। তন্মধ্যে সেবামূল্য হতে প্রাপ্তি মাত্র ৩.৪৯ লক্ষ টাকা। এতে প্রতীয়মান হয় যে কর্মচারীগণ ঋণ আদায়ে তৎপর নন এবং বেতন-ভাতা গ্রহণের ক্ষেত্রে ঋণের সেবামূল্যের উপর নির্ভরশীল না থেকে বিভিন্ন স্থায়ী আমানতের প্রাপ্ত সুদ ও অন্যান্য আয়ের উপর নির্ভরশীল।

২। বর্ণিত প্রেক্ষাপটে ইউসিসিএ'তে ০৪ জন পরিদর্শক কর্মরত থাকার পরও কেন মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ ৬০.১৬ লক্ষ টাকা এবং কর্মচারীগণ বেতন-ভাতা গ্রহণের ক্ষেত্রে স্থায়ী আমানতের প্রাপ্ত সুদের উপর নির্ভরশীল হওয়া সত্ত্বেও কেন পুনরায় জনবল নিয়োগ প্রস্তাব সুপারিশ করা হয়েছে তার ব্যাখ্যা আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সদর কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৪-৯-২০১৯

মোঃ হাসানুল ইসলাম, এনডিসি
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: +৮৮০২৮১৮০০০৬

ফ্যাক্স: +৮৮০২৮১৮০০০৩

ইমেইল: drfs@brdb.gov.bd

উপপরিচালক, জেলা দপ্তর, মুন্সীগঞ্জ।

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫০৭.১১.৪১৭.১৯.৫৩/১(২)

তারিখ: ২০ ভাদ্র ১৪২৬

০৪ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা।

৪-৯-২০১৯

সুকুমার চন্দ্র দাস
যুগ্মপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)